**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
৫,কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.৯৯.০০৭.২৪.৬৮৯৬ তারিখ: ১০ /০৬/২০২৬

বিষয়: সোনালী ব্যাংক পিএলসি কর্তৃক বিআরডিবি'র এফডিআর নগদায়ন (প্রিন্সিপাল বা সুদ) না করার সিদ্ধান্ত প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র ১: সোনালী ব্যাংক পিএলসি'র স্মারক নং এসবিপিএলসি/এমসিডি/ ALCO/৯৭ তারিখ-১৬/০২/২০২৬

সূত্র ২: বিআরডিবি'র স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.৯৯.০০৭.২৪.২৮৪২ তারিখ: ২৯/০৪/২০২৬

সূত্র ৩: সোনালী ব্যাংক পিএলসি'র স্মারক নং প্রকা/এমসিডি/ বিআরডিবি/ ALCO/২৩৩ তারিখ-০৩/০৬/২০২৬

বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক কর্তৃপক্ষ তাদের দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র ২৫৬ তম মাসিক সভায় বিআরডিবি'র ঋণ সমন্বয়ের পূর্ব পর্যন্ত বিআরডিবি'র এফডিআর নগদায়ন করা থেকে বিরত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা ১ নম্বর সূত্রে বর্ণিত পত্রে উল্লেখ করা হয়েছে। ফলে মাঠ পর্যায়ে বিআরডিবি'র আর্থিক লেনদেনে নানা ধরনের জটিলতা সৃষ্টি হয়। এ সমস্যা সমাধানের জন্য বিআরডিবি'র পক্ষ থেকে ২ নম্বর সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে সোনালী ব্যাংক কর্তৃপক্ষকে উক্ত সিদ্ধান্ত প্রত্যাহারের অনুরোধ করা হয় এবং সোনালী ব্যাংক কর্তৃপক্ষ বিআরডিবি'র এফডিআর নগদায়ন না করার সিদ্ধান্ত কতিপয় শর্তে প্রত্যাহার করে ৩ নম্বর সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে বিআরডিবি'কে অবহিত করেন।

২। এমতাবস্থায় যেসব দপ্তরে এফডিআর নগদায়নে সমস্যা রয়েছে বা হচ্ছে তাদের সূত্রে বর্ণিত পত্রের আলোকে সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি- সূত্রে উল্লিখিত পত্রসমূহ।

ফারুক আহমেদ জোয়ার্দ্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন: ০২-৫৫০১১৭৩১

উপপরিচালক
বিআরডিবি, জেলাদপ্তর (সকল)।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.৯৯.০০৭.২৪.৬৮৯৬ তারিখ: ১০ /০৬/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, সদরদপ্তর/বিভাগীয় দপ্তর।
২। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/ফরিদপুর/গাইবান্ধা।
৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি,ঢাকা (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৫। সভাপতি, ইউসিসিএ লি., বিআরডিবি (সকল)।
৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাদপ্তর (সকল)।
৭। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহিকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

কল্লোল সরকার
উপপরিচালক (ঋণ)
ফোন: ০২-৪১০১০৩৪০

# সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

নং- প্রকা/এমসিডি/বিআরডিবি/ ALCO/২৩৩
তারিখঃ ০৩ জুন, ২০২৬

পরিচালক (সরেজমিন)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কারওয়ান বাজার
ঢাকা-১২১৫।

বিষয়: দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র ২৫৬তম মাসিক সভায় বিআরডিবি'র এফডিআর নগদায়ন সংক্রান্ত সিদ্ধান্ত প্রত্যাহার/স্থগিত প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২৯ এপ্রিল, ২০২৬ তারিখের ২৮৪২ স্মারকের সূত্র উল্লেখ্য।

২.০০: সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে যে, দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র ২৫৬তম সভায় ঋণ সমন্বয়ের পূর্ব পর্যন্ত বিআরডিবি কর্তৃপক্ষ কর্তৃক এফডিআর নগদায়ন (প্রিন্সিপাল বা সুদ প্রদান) করা থেকে বিরত থাকতে হবে মর্মে গৃহীত সিদ্ধান্ত নিম্নোক্ত শর্তে প্রত্যাহার/স্থগিত করা হয়েছে:

১) এ ডিভিশনের ২০ নভেম্বর, ১৯৯৬ তারিখের প্রধান কার্যালয় ইস্তেহার নম্বর ১০৯৪, পল্লী ঋণ বিভাগ ইস্তেহার নম্বর ২০৬ অনুযায়ী টিসিসিএ'র বকেয়া ও বিলিতব্য ঋণের বিপরীতে স্বল্প মেয়াদী ঋণ (যথা: শস্য ও মহিলা কর্মসূচী) এর ক্ষেত্রে ২০% এবং মেয়াদী ও আরপিপি ঋণের বিপরীতে ৫% শেয়ার সঞ্চয় আমানত হিসেবে জমা থাকতে হবে এবং উপরোক্ত হারে শেয়ার-সঞ্চয়ের পরিমান নির্ধারণের পর তার উপর ব্যাংকের লিয়েন আরোপ করতে হবে;

২) ঋণের বিপরীতে রক্ষিত এফডিআর নগদায়নপূর্বক ঋণ সমন্বয় করা যাবে; এবং

৩) শাখাসমূহে বিআরডিবি-ইউসিসিএ/ইউবিসিসিএ ঋণের বিপরীতে রক্ষিত লিয়েনকৃত এফডিআর ব্যতীত অন্যান্য এফডিআর এর সুদ নগদায়নপূর্বক উক্ত অর্থ সুফলভোগীদের মুনাফা এবং বিআরডিবি'র প্রকল্প/কর্মসূচির কর্মচারীদের বেতনভাতা ও গ্রাচুইটি হিসেবে প্রদান করা যাবে।

আপনার বিশ্বস্ত,

(রাশেদ বীন রউফ)
ডেপুটি জেনারেল ম্যানেজার

পরিচালক (সরেজমিন)
এর দপ্তর
ডকেট নং ১৩৫৬
তারিখ ৮/৬/২৬
যুগ্ম পরিচালক (সিসিএম)
যুগ্ম পরিচালক (সম্প্র: ও বি: প্র:)
যুগ্ম পরিচালক (মিউ)
উপ-পরিচালক
উপ-সহকারী পরিচালক সরেজমিন
পরিচালক এর স্বাক্ষর:..........

যুগ্ম পরিচালক (সিসিএম)
এর দপ্তর
ডকেট নং- তাং ৯/৬/২০২৬
উপ পরিচালক (ঋণ)
উপ পরিচালক (সমবায়)
উপ পরিচালক (সেল)
উপ পরিচালক (মার্কেটিং)
উপ পরিচালক (পরিদর্শন)
যুগ্ম পরিচালক (সিসিএম) এর
স্বাক্ষর তাং-

সকলকে অবহিত করে জানিয়ে দিন।
৮/৬

৪৯

৯/০৬/২৬

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.৯৯.০০৭.২৪. ২৮৪২ তারিখ: ২৭ এপ্রিল ২০২৬

বিষয়: সোনালী ব্যাংক পিএলসি এর দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটির (ALCO) ২৫৬তম সভায় বিআরডিবি'র এফডিআর নগদায়ন সংক্রান্ত সিদ্ধান্ত প্রত্যাহার/স্থগিত প্রসঙ্গে।

সূত্র: সোনালী ব্যাংকের স্মারক নং: এসবিপিএলসি/এমসিডি/ALCO/৯৭, তারিখ: ১৬/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সোনালী ব্যাংক পিএলসি'র দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটির (ALCO) ২৫৬তম সভার ৮ নং ক্রমিকে 'বিআরডিবি'র ঋণ সমন্বয়ের পূর্ব পর্যন্ত বিআরডিবি কর্তৃপক্ষ কর্তৃক এফডিআর নগদায়ন (প্রিন্সিপাল বা সুদ প্রদান) করা থেকে বিরত থাকতে হবে' মর্মে গৃহীত সিদ্ধান্তটির বিষয়ে বিআরডিবি কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং উক্তরূপ সিদ্ধান্তের ফলশ্রুতিতে মাঠ পর্যায়ে বিআরডিবি'র কার্যক্রম বাস্তবায়নে নানাবিধ জটিলতা দেখা দিচ্ছে।

০২। আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশের স্বাধীনতার পর থেকে গ্রামীণ অর্থনীতিতে বিশেষ করে সমবায়ভিত্তিক কৃষি উৎপাদন ও দারিদ্র্য বিমোচনে বিআরডিবি ভূমিকা পালন করে আসছে। সুফলভোগী সমবায়ী কৃষক ও মহিলাদের একটি অংশের উৎপাদনের তহবিল যোগানের মাধ্যমে ছয় দশক পূর্বে সোনালী ব্যাংকের সাথে বিআরডিবি'র যুগপৎ পথচলার যে সূচনা হয়েছিল সেখানে উল্লেখযোগ্য সাফল্য যেমন রয়েছে, তেমনি নানান চড়াই-উৎরাইও আমরা অতিক্রম করেছি। সময়ের পরিক্রমা ও সরকারের নির্দেশনা অনুযায়ী বিআরডিবি'র কাজের পরিধির বিস্তৃতি লাভ করেছে। বর্তমানে বিআরডিবি'র আওতায় অন্ততঃ ২৪টি প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে, যার মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত ২টি প্রকল্প এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের ৪টি কর্মসূচি রয়েছে। এর সাথে ৫৩ লক্ষ সুফলভোগী পরিবারের রুজি ও কর্মসংস্থান জড়িত। সমাজের অপেক্ষাকৃত পিছিয়ে পড়া এই মানুষদের তিলে তিলে গড়ে তোলা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের সুষ্ঠু ও নিবিড় ব্যবস্থাপনা এবং তাদেরকে নিয়মিত মুনাফা প্রদান ও চাহিদা অনুযায়ী সঞ্চয় উত্তোলন, উৎপাদনে সহায়তা-স্বরূপ ঋণ প্রদান প্রভৃতি বিআরডিবি'র নিয়মিত কার্যক্রমের অন্তর্ভুক্ত। সরকার তথা প্রকল্প/কর্মসূচির তহবিল এবং সুফলভোগীদের নানা ধরনের সঞ্চয় তহবিল স্থায়ী আমানত আকারে দেশব্যাপী আপনার ব্যাংকের শাখাসমূহে সংরক্ষিত রয়েছে। বিআরডিবি'র এই বিপুল কর্মযজ্ঞের মধ্যে মাত্র ৫টি কর্মসূচির সাথে সোনালী ব্যাংকের সরাসরি অর্থায়ন জড়িত থাকলেও সূত্রের স্মারকে উল্লিখিত সিদ্ধান্তের মাধ্যমে বিআরডিবি'র সকল ধরনের প্রকল্প/কর্মসূচির স্থায়ী আমানতের উপর নিষেধাজ্ঞা জারি করায় বিআরডিবি'র সেবা কার্যক্রম মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। এর ফলে দেশব্যাপী বিআরডিবি'র প্রকল্প/কর্মসূচির কর্মচারীদের বেতনভাতা ও গ্রাচুইটি প্রদান বিলম্বিত হওয়ায় মানবেতর পরিস্থিতি সৃষ্টি হচ্ছে এবং সুফলভোগী নারী-পুরুষদের জীবিকায়ন কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে, যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত এবং যার সুদূরপ্রসারী প্রভাব অবশ্যম্ভাবী। দেশের বৃহত্তম ও সুনামধন্য আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সোনালী বাংক কর্তৃপক্ষ কোনক্রমেই এমন কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন না যা দেশের সাধারণ মানুষের কাছে সরকারের ভাবমূর্তী ক্ষুণ্ন করে এবং যা সরকারের অগ্রাধিকারমূলক দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃজন সংক্রান্ত নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন ব্যাহত করে।

০৩। সাম্প্রতিক দিনগুলোতে মাঠে সোনালী ব্যাংকের সাথে সরাসরি সম্পর্কিত কর্মসূচিগুলোতে, বিশেষ করে ইউসিসিএ ও ইউবিসিএ'র খেলাপি ঋণের সমস্যাদি নিয়ে বিআরডিবি ও সোনালী ব্যাংকের বিভিন্ন পর্যায়ের

চলমান পাতা ২

কর্মকর্তাদের মধ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যোগাযোগ ও সভা অনুষ্ঠিত হচ্ছে। সমস্যাগুলো দীর্ঘদিনের বিধায় তা সমাধান সময়সাপেক্ষ, কিন্তু অসম্ভব নয়। উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে একটি টিম গঠনের মাধ্যমে ক্রমান্বয়ে সকল সমস্যার সমাধান সম্ভবপর হবে মর্মে আমরা বিশ্বাস করি। কিন্তু সোনালী ব্যাংকে সংরক্ষিত বিআরডিবি'র প্রকল্প/কর্মসূচিসমূহের তহবিল ও সুফলভোগীগের সঞ্চয় আমানতের সকল এফডিআর ফ্রিজ করে রাখার মাধ্যমে জটিলতা আরও বৃদ্ধি পাবে বিধায় সূত্রের স্মারকে ALCO এর সিদ্ধান্তটি পুনর্বিবেচনাপূর্বক তা প্রত্যাহার/স্থগিত করা জরুরি।

০৪। এমতাবস্থায়, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে বিআরডিবি'র সেবা কার্যক্রম স্বাভাবিক করার নিমিত্ত, সুফলভোগীদের জীবিকায়ন ও কর্মসংস্থান বাধাহীন করার স্বার্থে বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচি ও ইউসিসিএ-ইউবিসিসিএ'র স্থায়ী আমানতসমূহের উপর ALCO এর বর্ণিত সিদ্ধান্তটি প্রত্যাহার/স্থগিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯/৪/১২৬

মোহাম্মদ মনোয়ার উজ জামান
যুগ্মসচিব
পরিচালক (সরেজমিন)
ফোন: ০২-৪১০১০৩২২

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয় , ঢাকা

দৃষ্টি আকর্ষণ: উপমহাব্যবস্থাপক, মাইক্রোক্রেডিট ডিভিশন

# সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

নং- এসবিপিএলসি/এমসিডি/ALCO/৯৭
তারিখঃ ১৬ ফেব্রুয়ারী, ২০২৬

**অতীব জরুরী**

**শুধুমাত্র ই-মেইলে প্রেরিত**

ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
সংশ্লিষ্ট সকল প্রিন্সিপাল অফিস,
বাংলাদেশ।

বিষয়ঃ দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র ২৫৬তম মাসিক সভায় বিআরডিবি'র লোন সমন্বয়করণ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ২৯ জানুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র ২৫৬তম মাসিক সভা (ডিসেম্বর, ২০২৫ ভিত্তিক)'র কার্যবিবরণীর সূত্র উল্লেখ্য।

২.০০: সূত্রোক্ত কার্যবিবরণীর ০৮ নং ক্রমিকে বর্নিত দায়-সম্পদ ব্যবস্থাপনা কমিটি (ALCO)'র উপরোক্ত সভায় বিআরডিবি'র ঋন সমন্বয়ের পূর্ব পর্যন্ত বিআরডিবি কর্তৃপক্ষ কর্তৃক এফডিআর নগদায়ন (প্রিন্সিপাল বা সুদ প্রদান) করা থেকে বিরত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩.০০: এমতাবস্থায়, তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(রাশেদ বীন বউক)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

নং-পিও/মুন/227 তাং- 17/02/26

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ALCO এর বিআরডিবি লোন সমন্বয়করন বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য আপনাদের বিশেষ অনুরোধ করা হলো।

Mousumi Das
Senior Principal Officer
Index No. G-36175
Sonali Bank PLC
Principal Office, Munshiganj

D:\MCD_Habib SPO\02. BRDB Related\02. Correspondense\02. Letter to GMO\02. Letter to All SMO (ALCO-256).docx